

মামলা না নিয়ে ধর্ষকের সঙ্গে গৃহবধূর বিয়ে দেয়ায়: আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর তীব্র নিন্দা

পাবনার গণধর্ষণের শিকার গৃহবধূর মামলা না নিয়ে এক ধর্ষকের সঙ্গে তার বিয়ে দেওয়ার অভিযোগ উঠেছে সদর থানার ওসির বিরুদ্ধে। আইন ও সালিশ কেন্দ্র (আসক) এ ঘটনায় তীব্র ক্ষোভ ও নিন্দা জানাচ্ছে। পাশাপাশি দ্রুততার সাথে নিরপেক্ষ তদন্তের মাধ্যমে দায়ী পুলিশ সদস্যের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার দাবী জানাচ্ছে।

গণমাধ্যমসূত্রে জানা গেছে গৃহবধূর লিখিত অভিযোগ সূত্রে জানা যায়, সদর উপজেলার দাপুনিয়া ইউনিয়নের একটি গ্রামে স্বামী ও তিন সন্তান নিয়ে বাস করে আসছিলেন ওই গৃহবধূ। গত ২৯ আগস্ট রাতে একই গ্রামের আকবর আলীর ছেলে রাসেল মিয়া, ভাটপাড়া গ্রামের হোসেন ড্রাইভার, টেবুনিয়া রানী গ্রামের সিরাজ মাস্টারের ছেলে ঘনু, ফলিয়া গ্রামের কামালের ছেলে সঞ্জু ও সাতমাইল এলাকার ফজলুর ছেলে ওসমান তাকে অপহরণ করে এবং তিন দিন বিভিন্ন স্থানে রেখে ধর্ষণ করে। একপর্যায়ে গৃহবধূ কৌশলে পালিয়ে স্বজনদের বিষয়টি জানালে তারা গত বৃহস্পতিবার তাকে পাবনা জেনারেল হাসপাতালে ভর্তি করেন। পরে গৃহবধূ সদর থানায় লিখিত অভিযোগ দিলে পুলিশ রাসেলকে আটক করে। তবে এ ঘটনায় মামলা না নিয়ে থানা পুলিশ পরদিন রাতে স্থানীয় একটি মহলের মধ্যস্থতায় রাসেলের সঙ্গে তার বিয়ে দেয়। তার আগে পুলিশ আগের স্বামীকে তালুক দেওয়ার ব্যবস্থা করে। পুলিশের পক্ষ থেকে তাদের সম্পৃক্ততার কথা অস্বীকার করা হয়েছে।

ধর্ষণ একটি ফৌজদারি অপরাধ যার বিচার কেবল সংশ্লিষ্ট আইনের আওতায় আদালত করতে পারবেন। এক্ষেত্রে ভুক্তভোগীর সম্মতি বা অসম্মতি থাকুক বা না থাকুক। এ ধরনের সমঝোতা ধর্ষণের জন্য ঘৃণ্যতম অপরাধ ঘটনার প্রবণতা বাড়ায়। তাছাড়া আইনের রক্ষক, জনগণের নিরাপত্তা প্রদান ও বিচার ত্বরান্বিত দায়িত্বে নিয়োজিত পুলিশ সদস্যের এমন আচরণ একেবারেই অগ্রহণযোগ্য এবং আইন বহির্ভূত। আসক নিরপেক্ষ তদন্তের মাধ্যমে দ্রুততার সাথে জড়িতদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক ব্যবস্থা নেয়ার জন্য দাবি জানাচ্ছি।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC
2/16, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.O. Box: 3252, Tel: +88-02-8100192, 8100195, 8100197, Fax: +88-02-8100187
Email: ask@citechco.net, Website: www.askbd.org